**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর**
**১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা**
www.dncrp.gov.bd

নং-২৬.০৪.০০০০.১০৮.১১.১৫১.১৬(ভলিউম-১).৮৩৬ তারিখঃ ১৮ ডিসেম্বর ২০১৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরে রাজস্ব খাতে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের (পুরুষ/ মহিলা) নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (২০১৫) | যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | ব্যক্তিগত সহকারী | ১(এক) | ১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড-১৪ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী এবং<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৮০ শব্দ ও বাংলায় ৫০ শব্দ, কম্পিউটারে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি মুদ্রাক্ষরে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ থাকতে হবে। | ঢাকা, নরসিংদী, গাজীপুর, নারায়ণগঞ্জ, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, চট্টগ্রাম, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া, নোয়াখালী, রাঙ্গামাটি, কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান, রাজশাহী, সিরাজগঞ্জ, পাবনা, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, খুলনা, যশোর, নড়াইল, বাগেরহাট, বরিশাল, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, ঠাকুরগাঁও।<br><br>**(তবে মুক্তিযোদ্ধা, প্রতিবন্ধী/এতিম, আনসার ও উপজাতি কোটার প্রার্থীগণ সকল জেলা থেকে সকল পদে আবেদন করতে পারবেন)।** |
| ০২ | গবেষণাগার সহকারী | ৪(চার) | ৯৭০০-২৩৪৯০/-<br>গ্রেড-১৫ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ০৩ | ডাটা এন্ট্রি অপারেটর | ১(এক) | ৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার পাবে); এবং<br>(খ) কম্পিউটারে ডাটা এন্ট্রি কাজে স্ট্যান্ডার্ড এ্যাপটিচিউড টেস্টে (Standard Aptitude Test) উত্তীর্ণ হতে হবে। | |
| ০৪ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২৬ (ছাব্বিশ) | ৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ এবং ইংরেজী ২০ শব্দ। | |
| ০৫ | গাড়ীচালক | ৭(সাত) | ৯৩০০-২২৪৯০/-<br>হালকা | অষ্টম শ্রেণী পাশ। হালকা ও ভারী গাড়ী চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। তবে অভিজ্ঞতা সম্পন্ন এবং কোন | |

D:\Desktop file\Circular New14-12-16.docx

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | লাইসেন্স গ্রেড-১৬ ৯৭০০-২৩৪৯০/- ভারী লাইসেন্স গ্রেড-১৫ | স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | |

## শর্ত ও নিয়ামাবলীঃ

আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:

**ক.** পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক http://dncrp.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১২ই জানুয়ারী ২০১৭ সকাল ১০.০০ ঘটিকা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১ জানুয়ারী ২০১৭ বিকাল: ০৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

**খ.** Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

**গ.** Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃপূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

**ঘ.** প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

**ঙ.** **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copyপ্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **বিশেষভাবে উল্লেখ্য,** "Online-এ **আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত** Online **আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না**"।

প্রথম SMS: DNCRP<space>User ID লিখে Send করতে হবে 16222নম্বরে।
***Example:*** **DNCRP ABCDEF**

Reply**: Applicant's Name, Tk-100 will be charged as application fee. Your PIN is 12345678.**To pay fee**Type DNCRP<Space>Yes<Space>PIN and send to 16222.**

দ্বিতীয় SMS: DNCRP<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
***Example:*** **DNCRP YES 12345678**

*Reply:* **Congratulations Applicant's Name, payment completed successfully for DNCRPApplication for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).**

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://DNCRP.teletalk.com.bd অথবা, DNCRP Website: এর **ওয়েবসাইটে** www.dncrp.gov.bd এ **এবং প্রার্থীর মোবাইল ফোনে** SMS-**এর মাধ্যম** (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online **আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা,** SMS Read **করা এবং প্রাপ্ত নির্দেশনা** তাৎক্ষণিকভাবে **অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PINপুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে DNCRP<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: DNCRP HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে: DNCRP<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: DNCRP HELP PIN 12345678

২. সকল পদে ১৮/১২/২০১৬ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। তবে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যাদের বয়স ৩০ বৎসর হতে হবে। বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩. সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪। প্রার্থী নির্বাচনে প্রচলিত জেলা কোটা ও অন্যান্য কোটাসহ সরকারি বিধিবিধান অনুসরণ করা হবে।

৫। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা কম/বেশী হতে পারে, যা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে।

৬। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও অন্যান্য সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

৭। এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসাবে আবেদন করতে পারবেন না এবং আবেদনকারী নিয়োগ লাভের পর বাংলাদেশের যেকোন স্থানে সমপদে চাকুরি করতে বাধ্য থাকবেন।

৮। কেবলমাত্র নির্ধারিত লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন। এ ক্ষেত্রে কোন সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।

৯। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ প্রদান করা হবে না।

১০। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভূয়া প্রমানিত হলে তার দরখাস্ত/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

18.12.2016
(মোঃ গোলাম আজম)
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)